



মোঃ মাকরুজ্জামান

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

ইমেইলঃ prompa6@gmail.com

ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

ফেইসবুক পেইজঃ মোংলা বন্দর সংবাদ “Mongla Port News”



## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “মোংলা বন্দরে যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস উদযাপন”

১৮ অক্টোবর, ২০২১ “শেখ রাসেল দিবস” দিবসটি পালনে মোংলা বন্দর কর্তৃপক্ষ নানামুখী কর্মসূচী গ্রহণ করেন। এসকল কর্মসূচীর মধ্যে রয়েছে মোংলা বন্দরের আওতাধীন পোর্ট মাধ্যমিক বিদ্যালয়, খুলনা ও মোংলা বন্দর মাধ্যমিক বিদ্যালয়ে শেখ রাসেল দিবস-২০২১ উদযাপন উপলক্ষে রচনা, কুইজ ও আলোচনা সভার আয়োজন করা হয় এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

এছাড়াও মোংলা বন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের মূল ফটক, বন্দর ভবন, জেটি এবং খুলনাস্থ পোর্ট এরিয়ার মূল ফটক মোংলা বন্দরের আওতাধীন খুলনা ও মোংলা স্কুলে শেখ রাসেলের ছবি সম্বলিত ব্যানার স্থাপন করা হয়।

এছাড়াও মোংলা বন্দরের মসজিদে দোয়া মাহফিল এর আয়োজন করা হয়। দোয়া মাহফিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শেখ রাসেল ও তার পরিবারের শাহাদাৎ বরণকারী সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।

স্বাক্ষরিত/-  
উপসচিব